

বাংলা  
Bengali  
(303)

শিক্ষককৃত মূল্যায়ন পত্র (Tutor Marked Assignment)

পূর্ণমান : 20

নির্দেশিকা : (ক) প্রতিটি প্রশ্ন আবশ্যিক।

(খ) উত্তরপত্রের প্রথম পৃষ্ঠার উপর দিকে স্পষ্টভাবে নিজের নাম, এনরোলমেন্ট নাম্বার, পাঠকেন্দ্রের (AI) নাম্বার এবং বিষয় লিখুন।

- যে কোন একটি প্রশ্নের উত্তর লিখুন। (উত্তর 40-60 টি শব্দের মধ্যে লিখতে হবে।) 1×2=2
  - (ক) “যেই স্বামী সেই আমি।”—এখানে স্বামী ও আমি বলতে কাকে বা কাদের বলা হয়েছে? পাঠ্যকবিতা অবলম্বনে কথটির তাৎপর্য বুঝিয়ে দিন। (পাঠ-3 দেখুন) 2
  - (খ) “আমি যদি নেপোলিয়ান হইতাম .....ওয়াটার্লু জিতিতে পারিতাম কিনা”—বর্তমান অংশে নেপোলিয়ান ও ওয়াটার্লু-র যুদ্ধ সম্বন্ধে কয়েকটি শব্দে লিখুন। (পাঠ-8 দেখুন) 2
- যে কোনো একটি প্রশ্নের উত্তর লিখুন। (উত্তর 40-60 টি শব্দের মধ্যে লিখতে হবে।) 1×2=2
  - (ক) “সেই মেয়েটির তরুণ যুবক স্বামী”—‘সেই মেয়েটি’ বলতে কার কথা বলা হয়েছে? তার স্বামীর সাথে কোথায় যাওয়ার কথা ছিল? তা কী সম্পূর্ণ হয়েছিল? (পাঠ-19 দেখুন) 2
  - (খ) নিচের কবিতার অংশে কোন অলঙ্কার ব্যবহৃত হয়েছে বুঝিয়ে দিন—  
“কে বলে ঈশ্বরগুপ্ত ব্যপ্ত চরাচর  
যাহার প্রকাশ পূজা পায় দিবাকর।”
- যে কোন একটি প্রশ্নের উত্তর লিখুন। (উত্তর 40-60 টি শব্দের মধ্যে লিখতে হবে।) 1×2=2
  - (ক) নিচের দাগ দেওয়া অংশগুলি বাংলা শব্দ ভাঙারের কী জাতীয় শব্দের মধ্যে পড়ে তা লিখুন, সেই সেই শব্দভাঙার থেকে এক একটি শব্দ আপনারা লিখুন :- (পাঠ-12 দেখুন) 2  
আমার কোনো চাহিদা নেই।  
শিবুর কথা বোলো না, ও একটা ফালতু লোক।  
কাল নাকি হরতাল?  
আহত রায়কে স্ট্রেচারে করে হসপিটাল রুমে নিয়ে গেলেন।
  - (খ) চলিত ভাষায় লিখুন : 2  
তখন সেই অসভ্য জাতীয় ব্যক্তি, গর্বিত বাক্যে বলিল, মহাশয়, আমরা বহুকালের অসভ্য জাতি; আপনারা সভ্য জাতি বলিয়া অভিমান করিয়া থাকেন। কিন্তু দেখুন; সৌজন্য, সদ্ব্যবহারের বিষয়ে অসভ্য জাতি, সভ্যজাতি অপেক্ষা কত অংশে উৎকৃষ্ট।

4. যে কোন একটি প্রশ্নের উত্তর লিখুন। (উত্তর 100-150 টি শব্দের মধ্যে লিখতে হবে।) **1×4=4**
- (ক) “দয়ার সাগর। পরকে সেজে দিই; নিজে খাইনে”—কার সম্বন্ধে কার উক্তি? উদ্দিষ্ট ব্যক্তির চেহারা ও পোষাকের বর্ণনা পাঠ্য গল্পাংশ অবলম্বনে বর্ণনা করুন। (পাঠ-10 দেখুন)
- (খ) গণজ্ঞাপন বলতে কি বোঝায়? গণজ্ঞাপন কীভাবে ভুল ধারণাকে দূর করতে সাহায্য করে? দু-একটি গণজ্ঞাপন মাধ্যমের বৈশিষ্ট্য উপস্থাপন করুন। (পাঠ-33-35 দেখুন)
5. যে কোন একটি প্রশ্নের উত্তর লিখুন। (উত্তর 100-150 টি শব্দের মধ্যে লিখতে হবে।) **1×4=4**
- (ক) অংশটি পড়ে নীচের প্রশ্নগুলির উত্তর লিখুন :
- “অনেক দূরের কথায় তাহার শিশুমনে একটা বিস্ময় জাগানো আনন্দের ভাবের সৃষ্টি করিত।” নীলবর্ণের আকাশটা অনেক দূরে, ঘুড়িটা কুঠির মাথাটা অনেক দূরে—সে বুঝাইতে পারিত না, বলিতে পারিত না কাহাকেও, কিন্তু এসব কথায় তাহার মন কেন কোথায় উড়িয়া চলিয়া যাইত .....। (পাঠ-30 দেখুন)
- (i) কার কথা বলা হয়েছে?
- (ii) ‘বিস্ময় মাখানো আনন্দের ভাব।’ বলতে কি বুঝানো হয়েছে?
- (iii) আকাশটার রং কীরূপ?
- (iv) অংশটিতে যার কথা বলা হয়েছে, তার সম্বন্ধে আপনার কি ধারণা হলো?
- (খ) নীচের সংকেত অনুযায়ী একটা পত্র রচনা করুন : (পাঠ-25 দেখুন)
- সংকেত : বহুল প্রচলিত সংবাদপত্রের বিজ্ঞাপন অনুযায়ী এক রাষ্ট্রায়ত্ত্ব কোম্পানীর স্থায়ী করণিক পদে চাকুরির জন্য বিজ্ঞাপন। আবেদনকারী সম্পূর্ণ জীবনপঞ্জি সহ নিম্নোক্ত ঠিকানায় ৭ দিনের মধ্যে আবেদন পত্র পাঠাবেন। আঞ্চলিক অধিকর্তা। XYZ কোম্পানি, বিবাদি বাগ, কলকাতা-৭০০০০১।
6. যেকোনো একটি বিষয়ের ওপর সংবাদপত্রের জন্য প্রকল্প রচনা করুন : **1×6=6**
- (ক) নারীর মূল্য :
- (স্তরবিন্যাস : নারী ও মানবসভ্যতা—আজকের সমাজে নারীর স্থান—সমাজে নারীর অস্তিত্ব এবং সমতা—বাস্তবিকতা—নারী সমাজ সম্পর্কে পুরুষের দীর্ঘকালীন ধারণা—নারী স্বাধীনতার প্রয়াস—নারী স্বাধীনতা ও নরনারী সম্পর্ক—নারীজাতি ও সমাজের ভবিষ্যৎ—প্রতিবেদন।)
- (খ) পর্যটন-উন্নয়ন বনাম পরিবেশ :
- (স্তরবিন্যাস : আধুনিক পর্যটন ও প্রাচীন কালের পর্যটনের সঙ্গে উন্নয়ন ও পরিবেশের সম্পর্ক—কৃষিক্ষেত্রে উন্নয়ন ও পরিবেশ—পর্যটনের বিশেষ আকর্ষণ শিল্পক্ষেত্রে উন্নয়ন ও পরিবেশ—পর্যটন ব্যবস্থার উন্নয়নে যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন ও পরিবেশ—বিজ্ঞান প্রযুক্তির উন্নতি ও পরিবেশ পর্যটনের প্রভাব—অপরিকল্পিত উন্নয়ন ও সমস্যা এবং পর্যটনে তার প্রভাব—প্রতিবেদন।)